



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ছাড়পত্রের বিজ্ঞপ্তি :

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৭/৫৩৬(২)

তারিখ : ৩০/১০/২০১৭

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির গত ২০/১০/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ৫০১ তম সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ০১/১১/২০১৭ ইং হতে ৩১/১২/২০১৭ ইং তারিখের মধ্যে কলেজ পরিবর্তন করা যাবে।

উল্লেখ যে ভর্তি বিজ্ঞপ্তি স্মারক নং- মাউশিবোদি/ কলেজ/ভর্তিবিজ্ঞপ্তি/২০১৭/২৪৮(৫০) তারিখ ১৭/০৫/২০১৭ তে বর্ণিত এ সংক্রান্ত সংশ্লিষ্ট নির্দেশনার পরিবর্তে এই নির্দেশনা কার্যকর হবে।

ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে নিম্নলিখিত শর্ত পালন করতে হবে :

- শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের (eSIF পূরণ) কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুন ভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।
- ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান নির্ধারিত ন্যূনতম যোগ্যতা (জিপিএ) অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠান নির্ধারিত শাখা ভিত্তিক আসন সংখ্যার মধ্যে কেবল মাত্র আসন ফাঁকা থাকা সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা যাবে।
- বোর্ড কর্তৃক সরবরাহকৃত কলেজ পরিবর্তনের আবেদন পত্রে অধ্যয়নরত কলেজে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর পঠিত বিষয় সমূহের সাথে বদলীকৃত কলেজের পাঠদানের বিষয় সমূহের মিল থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে অধ্যক্ষ আবেদনপত্রে সুপারিশ ও স্বাক্ষর করবেন। অন্যথায় এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।
- ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

(মোঃ ফারাজ উদ্দিন তালুকদার)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

ফোন নং : ০৫৩১-৫১৮৮২ (অফিস)

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ